# NEW BLOWN

*-An Int'l Standard School-*

**2nd Week: Class-Four**

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 13-02-2021 | Saturday | B.G.S | অধ্যায়-১ এর যোগ্যতাভিত্তিক প্রশ্ন অনুশীলন করানো হবে পৃ: ৪ থেকে। যোগ্যতাভিত্তিক প্রশ্ন: শিক্ষক কর্তৃক নির্ধারিত) C.W+H.W |
| | | English-1 | Unit-3: Lesson (1,2) Reading with meaning (Pg-6) |
| | | Bangla-1 | বাংলাদেশের প্রকৃতি' অনুশীলনীর ২নং এর (ক,খ,গ) নং এবং ৪নং C.W বইয়ে |
| 14-02-2021 | Sunday | B.G.S | অধ্যায়-২ (সমাজে পরস্পরের সহযোগীতা) রিডিং পৃ: (৬-৯) পর্যন্ত এবং রিডিং অন্তর্ভূক্ত সং:প্র:উ: C.W |
| | | English-1 | Unit-3: Lesson (3-5) Reading + Pg-7(A) C.W |
| | | Bangla-1 | বাংলার খোকা, রিডিং এর অনুশীলনীর ১,২,৩ ও ৫নং C.W |
| 15-02-2021 | Monday | Math | পৃ: ১২,১৩ এর ১,২নং C.W |
| | | English-2 | Chapter-7: Sentence and its classification Definition + Example of Assertive Sentence (Pg-32) |
| | | Bangla-2 | অধ্যায়-৪ (ধ্বনি ও বর্ণ) এবং অধ্যায়-৬ (পদ) সংজ্ঞা , উদাহরণ ও প্রকারভেদ C.W |
| 16-02-2021 | Tuesday | Math | পৃ: ১৮ এর ২, এবং ১ নং C.W |
| | | English-2 | Chapter-7: Definition, Structure and Example of Interrogative Sentence (Pg-32, 33) |
| | | Bangla-2 | ক্রিয়া পদের চলিত রূপ: (কাঁপিতেছে– বলিবেন) পৃ: ৬ |
| 17-02-2021 | Wednesday | Math | অধ্যায়-২ (যোগ বিয়োগ) অনুশীলনীর ১নং এর (১,২,৫,৬,৯,১০,১৪)নং C.W + বাকীগুলো (পৃ: ৩২) H.W |
| | | Science | অধ্যায়-১ এর (৫-৯) পৃ: রিডিং + রিডিং থেকে যোগ্যতাভিত্তিক প্র:উ: (অনুশীলন যা শিক্ষক কর্তৃক নির্ধারিত) |
| | | Islam Reli. | ইমান ও আকাইদ: পৃ: (১০-১৪) রিডিং পড়া + রিডিং থেকে ৫টি সং:প্র:উ: C.W |
| | | Hindu Reli | দেব-দেবি ও পূজা পৃ: (৬-৮) রিডিং পড়া + রিডিং থেকে সং:প্র:উ: পড়া। |
| 18-02-2021 | Thursday | Math | ১৮ পৃ: এর ২,৩নং C.W+ H.W |
| | | Science | ১০ পৃ: ১,২,৩নং + ৩নং এর ৩ ও ৪নং এর ১ নং (প্রশ্নোত্তর সমূহ রিডিং / শিক্ষক কর্তৃক C.W করানো হবে) |
| | | Islam Reli. | ইমান ও আকাইদ: পৃ: (১৫,১৬) রিডিং পড়া + পৃ: ১৭, ১৮,১৯ এর (ক,খ,গ,ঘ) নং পড়া + C.W |
| | | Hindu Reli | পৃ: (৯-১১) রিডিং পড়া + রিডিং থেকে সং:প্র:উ: C.W |

## NEW BLOWN

*-An Int'l Standard School-*

**3rd Week: Class-Four**

| Date | Day | Subject | Overview of Lesson |
|---|---|---|---|
| 20-02-2021 | Saturday | B.G.S | অধ্যায়-২ এর রিডিং থেকে শূন্যস্থান ও বাম-ডান (পৃ: ৯) C.W+ H.W |
| | | English-1 | Unit-4: Family Tree discussing + Pg-8(B) C.W |
| | | Bangla-1 | বাংলার খোকা সম্পূর্ণ শীট এর সং:প্র:উ: (ক-গ) C.W এবং (ঘ,ঙ) নং H.W |
| 21-02-2021 | Sunday | B.G.S | অধ্যায়-২ এর পৃ: ৬ থেকে ক্লাসে যোগ্যতাভিত্তিক প্রশ্ন পড়া ও (যোগ্যতাভিত্তিক প্র:উ: শিক্ষক কর্তৃক নির্ধারিত) |
| | | English-1 | Model-2 Reading +1,2 No. C.W Pg-7 (E.G.C) |
| | | Bangla-1 | কবিতা: পালকির গান' কবির নাম সহ ১ম ৮ লাইন কবিতা। অনুশীলনীর (১-৪)নং। |
| 22-02-2021 | Monday | Math | অনুশীলনীর ২,৩নং C.W (পৃ: ৩২) |
| | | English-2 | Chapter- 23: Conjugation of Verb, Unit-4,10 (Pg-99) |
| | | Bangla-2 | ক্রিয়া পদের অতীত, বর্তমান, ভবিষ্যৎ রূপ লিখন (হওয়া-ঢলা) পৃ: ৭৩ (C.W) |
| 23-02-2021 | Tuesday | Math | ৩৩ পৃ: (৪-৬)নং C.W+H.W |
| | | English-2 | Chapter Twenty Two: Defi, Strue, Exam of Present Indefinite Tense (Pg-90) |
| | | Bangla-2 | বিপরীত শব্দ (অনুগ্রহ–অর্পণ) পৃ: ১০০, C.W; এক কথায় প্রকাশ (অনুগ্রহ – অর্পণ) পৃ: ১০০ H.W বাংলা ব্যাকরণ বই হতে। |
| 24-02-2021 | Wednesday | Math | পৃ: ৩৩ (৭-৯) নং C.W |
| | | Science | ১০নং ২,৩ নং বর্ণনামূলক প্র:উ: পড়া ও C.W +H.W |
| | | Islam Reli. | যোগ্যতাভিত্তিক প্র:উ: (ক,খ) নং শীট থেকে। অধ্যায়-১ ইমান ও আকাইদ (শীট যাবে ) |
| | | Hindu Reli | পৃ: ১১ (ক–ঘ) নং পড়া + C.W |
| 25-02-2021 | Thursday | Math | ৩৩ পৃ: (১০-১২)নং C.W +H.W |
| | | Science | পৃ: ১০ এর ৪নং (বর্ণনামূলক প্র:উ: পড়া) ও অধ্যায় ২ এর রিডিং পড়া (১১-১৫) পৃ:। |
| | | Islam Reli. | শীট (অধ্যায়-১) এর গ, ঙনং প্রশ্নোত্তর পড়া + C.W |
| | | Hindu Reli | পৃ: ১৩ এর ঙ নং প্রশ্নোত্তর পড়া + C.W |

Date: ..02-2021

বিষয়ঃ বাংলা ১ম পত্র শ্রেণিঃ চতুর্থ

## বাংলাদেশের প্রকৃতি

**মূলভাব:** এ রচনায় বাংলাদেশের বিভিন্ন ঋতুর পরিচয় তুলে ধরা হয়েছে। প্রতিটি ঋতুতে আমাদের পরিবেশ বদলে কেমন হয় সে সম্পর্কে বলা হয়েছে। এখানে প্রতি দু'মাস পর পর একটি ঋতু আসে। গ্রীষ্ম যেমন প্রচন্ড গরম আনে, তেমনি বর্ষা আনে আকাশে মেঘের ছুটোছুটি খেলা। শরৎ এ নীল আকাশে ভেসে বেড়ায় গাঙচিল আর তারপর লাজুক ঋতু হেমন্ত শীতের খরব নিয়ে আসে। আর বসন্তের দখিনা ফুরফুরে বাতাস আমাদের মনপ্রাণ ভরিয়ে তোলে। ঋতুর এ পালা বদলের কারনেই আমাদের দেশ এত সুন্দর।

**১। শব্দার্থ: বই থেকে**

**২। প্রশ্নোত্তর:**

**ক) বাংলাদেশে বছরে কয়টি ঋতু আসে যায়?**

**উত্তরঃ** বাংলাদেশে বছরে ছয়টি ঋতু আসে যায়। তা হলো– গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত ও বসন্ত।

**খ) বছরের বার মাসের নাম বলি এবং লিখি।**

**উত্তরঃ** বছরের বার মাসের নাম হলো– ১) বৈশাখ, ২) জ্যৈষ্ঠ, ৩) আষাঢ়, ৪) শ্রাবণ, ৫) ভাদ্র, ৬) আশ্বিন, ৭) কার্তিক ৮) অগ্রহায়ণ, ৯) পৌষ, ১০) মাঘ, ১১) ফাল্গুন, ১২) চৈত্র।

**গ) কোন কোন মাস নিয়ে কোন কোন ঋতু হয়? বলি এবং লিখি।**

**উত্তরঃ** বাংলাদেশ ছয় ঋতুর দেশ। এ দেশে প্রতি দু'মাস নিয়ে একটি ঋতু। বৈশাখ ও জ্যৈষ্ঠ মাস নিয়ে গ্রীষ্ম কাল। আষাঢ় ও শ্রাবণ মাস নিয়ে বর্ষাকাল। ভাদ্র ও আশ্বিন মাস নিয়ে শরৎ কাল। কার্তিক ও অগ্রহায়ণ মাস নিয়ে হেমন্ত কাল। পৌষ ও মাঘ মাস নিয়ে শীত কাল। ফাল্গুন ও চৈত্র মাস নিয়ে বসন্ত কাল।

**ঘ) তোমার দেখা বর্ষা ও শীত ঋতুর তুলনা করি।**

**উত্তরঃ** আমার দেখা বর্ষা ও শীত ঋতুর তুলনা নিচে আলোচনা করা হলোঃ

বর্ষার আকাশে মেঘের ছুটোছুটি দেখা যায়। পথ-ঘাট পানিতে ভরে যায়। মানুষের ঘরের বাহিরে চলাচল করতে অসুবিধা হয়। এছাড়া নদী-নালা, খালবিল পানিতে পরিপূর্ণ হয়ে যায়, বন্যাও দেখা দেয়। এসময় কদম ও শাপলা ফুল ফোটে।

অপর দিকে শীতকালে হাড়কাঁপানো শীত পরে। রাতে লেপ, কাঁথা গায়ে দিয়ে ঘুমাতে হয়। শীতকালে কুয়াশা পড়ে। দিন ছোট ও রাত বড় হয়। উত্তর দিক থেকে হিমেল হাওয়া বইতে থাকে। এসময় খেজুরের রস ও মজার মজার পিঠা তৈরি করা হয়।

**ঙ) কোন ঋতু তোমার বেশি পছন্দ? পছন্দের কারণ কি লিখে জানাও।**

**উত্তরঃ** শীত ঋতু আমার বেশি পছন্দ। কারণ শীতের সকালে খেজুর রসের গুড়, দুধ ও চালের গুঁড়ার পিঠা খেতে খুবই মজা। যেমন– চিতই, দুধ চিতই, ভাপা পিঠা, দুধ পুলি ইত্যাদি। এসময় চাষিদের আমন ধান কাটার ধুম পরে যায়। চারদিকে অনেক ফুল ফুটে। শীত কালে প্রচুর শাক-সবজি পাওয়া যায়। শীতের সকালে আগুন পোহাতে অনেক মজা লাগে।

বিষয়ঃ ইসলাম ও নৈতিক শিক্ষা শ্রেণিঃ চতুর্থ

## অধ্যায়ঃ ১ (ইমান ও আকাইদ)

**যোগ্যতাভিত্তিক প্রশ্নোত্তর:**

**ক) মাটির উপরে ও নিচে যা কিছু রয়েছে সবকিছু আল্লাহর অধীন। এ কথাটি থেকে কী বোঝা যায়? তার সম্পর্কে ৫টি বাক্যে লিখ।**

**উত্তর:** মাটির উপরে ও নিচে যা কিছু রয়েছে সবকিছু আল্লাহর অধীন। এ কথাটি থেকে বোঝা যায় আল্লাহর সবকিছুর মালিক। তার সম্পর্কে ৫টি বাক্য হল:

১) আল্লাহ আমাদের জীবন-মৃত্যুর মালিক।

২) পৃথিবীতে যা কিছু আছে সবকিছু তাঁরই সৃষ্টি।

৩) আকাশ, সূর্য, চাঁদ, নক্ষত্র এগুলো সব আল্লাহর অধীন।

৪) আল্লাহ আমাদের ধন-সম্পদের মালিক।

৫) তিনি আমাদের সুখ-দু:খেরও মালিক।

দুনিয়ার সকল ধনসম্পদ, আমাদের সুখ-দুঃখ ও জীবন-মৃত্যুর মালিক আল্লাহ। তাই আমরা তাঁর সন্তুষ্টির জন্য ভালো কাজ করব।

**খ) যিনি জগতের সমস্ত সৃষ্টিকে সুন্দরভাবে রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করেছেন তিনি সর্বশক্তিমান। –সর্বশক্তিমান কে? তাঁর দুইটি গুণবাচক নাম লিখ। তিনি যে সর্বশক্তিমান তা তিনটি বাক্যে লিখ।**

**উত্তর:** যিনি জগতের সমস্ত সৃষ্টিকে সুন্দরভাবে রক্ষণাবেক্ষণ ও পরিচালনা করেছেন, তিনি হলেন সর্বশক্তিমান আল্লাহ। তাঁর দুইটি গুণবাচক নাম হলো–শান্তিদাতা, অতি ক্ষমাশীল। তিনি যে সর্বশক্তিমান তা তিনটি বাক্যে দেয়া হলো–

১) সর্বশক্তিমান আল্লাহ মানুষ সৃষ্টি করেছেন।

২) এই বিশাল পৃথিবী সৃষ্টি করেছেন।

৩) তাঁর হুকুমে পৃথিবীর ও মহাকাশের সবকিছু চলে।

তাই, আমরা মহান আল্লাহকে সর্বশক্তিমান হিসেবে বিশ্বাস করব। তাঁর কাছেই সাহায্য চাইব। তাঁর উপরই কেবল ভরসা করব।

**গ) নাঈম একটি কালিমার মাধ্যমে তাওহিদ ও রিসালাতের সাক্ষ্য দেয়। এটি কোন কালিমা? এ কালিমা ইসলামের কীরূপ বিষয়? এ কালিমা সম্পর্কে চারটি বাক্য লেখ।**

**উত্তর:** নাঈম কালিমা শাহাদাতের মাধ্যমে তাওহিদ ও রিসালাতের সাক্ষ্য দেয়। এ কালিমা ইসলামের মূল বিষয়। এ কালিমা সম্পর্কে চারটি বাক্য হলো–

১) কালিমা শাহাদত মানে সাক্ষ্য দেওয়ার বাক্য।

২) এ কালিমায় ইসলামের মূল বিষয়ে সাক্ষ্য দেয়া হয়।

৩) এ কালিমার মাধ্যমে আমরা আল্লাহ তায়ালাকেই একমাত্র মাবুদ বলে স্বীকার করে নেই।

৪) এ কালিমার মাধ্যমে আমরা হযরত মুহাম্মদ (স) কে আল্লাহর বান্দা ও রাসুল হিসেবে সাক্ষ্য দেই।

তাই, আমরা কালিমা শাহাদত বেশি বেশি পাঠ করব এবং আল্লাহর বান্দা ও রাসুল (স:) এর দেখানো পথে চলব।

**ঘ) ইমান মুজমাল দ্বারা ইমানের ঘোষণা দেওয়া হয়। আমরা আল্লাহর সত্তায় যেমন বিশ্বাস করব তেমনি তাঁর গুণাবলি ও বিধি-বিধানও মেনে চলব। ইমান মুজমাল অর্থ কী? ইমান মুজমাল কাকে বলে? ইমান মুজমাল এর অর্থ বাংলায় লিখ।**

**উত্তর:** ইমান মুজমাল অর্থ সংক্ষিপ্ত বিশ্বাস। ইসলামের মূল বিষয়গুলোকে সংক্ষেপে বিশ্বাস ও স্বীকার করাকে ইমান মুজমাল বলে। নিচে ইমান মুজমাল এর অর্থ বাংলায় দেয়া হলো-

**অর্থ:** আমি ইমান আনলাম আল্লাহর উপর ঠিক তেমনি যেমন আছেন তিনি, তাঁর সব নাম ও গুণাবলিসহ। আর মেনে নিলাম তাঁর সব হুকুম আহকাম ও বিধি বিধান।

আমরা আল্লাহ তাআলার সত্তায় ও গুণাবলিতে বিশ্বাস করব। মহান আল্লাহর বিধি-বিধান ও আদেশ নিষেধ মেনে চলব।

**ঙ) একজন মুমিনকে ইসলামের কতগুলো মূল বিষয়ের উপর ইমান আনতে হয়। এই বিষয়গুলো আমরা কোথায় পাই? কয়টি ও কী কী মূল বিষয়ের উপর আমাদের ইমান আনতে হয়? আল্লাহর উপর বিশ্বাস সম্পর্কে ৪টি বাক্য লিখ।**

**উত্তর:** একজন মুমিনকে ইসলামের কতগুলো মূল বিষয়ের উপর ইমান আনতে হয়। এই বিষয়গুলো আমরা ইমান মুফাস্‌সালে পেয়ে থাকি। ইমান মুফাস্‌সালে সাতটি বিষয়ের উপর ইমান আনতে হয়। বিষয়গুলো হল– ১) আল্লাহ ২) ফেরেশতা ৩) কিতাব ৪) রাসুলগণ ৫) শেষ দিবস ৬) তকদির ৭) মৃত্যুর পর পুনরুত্থান।

আল্লাহর উপর বিশ্বাস সম্পর্কে ৪টি বাক্য নিচে দেওয়া হলো–

১) ইমানের প্রথম কথাই আল্লাহর উপর বিশ্বাস।

২) আল্লাহ এক ও অদ্বিতীয়, তাঁর কোনো শরিক নেই।

৩) আল্লাহ অনাদি, অনন্ত।

৪) আল্লাহ সবকিছুর সৃষ্টিকর্তা, পালনকর্তা, পরম দয়ালু ও সবকিছুর মালিক।

আমরা ইমান মুফাস্‌সালের সকল বিষয়গুলোর উপর ইমান আনবো। তাহলেই আমাদের ইমান আনা সম্পূর্ণ হবে।

**চ) ইমান মুফাস্‌সালে আমাদের সাতটি বিষয়ের উপর ইমান আনতে হয় ফেরেশতাগণের উপর বিশ্বাস এর মধ্যে একটি। ফেরেশতাগণ সর্বদা আল্লাহর আদেশে বিভিন্ন কাজে নিয়োজিত। ফেরেশতাগণ কীসের তৈরি? প্রসিদ্ধ ফেরেশতা কতজন? তাদের নাম ও কাজের বর্ণনা দাও।**

**উত্তর:** ফেরেশতাগণ নূরের তৈরি। ফেরেশতাগণের সংখ্যা আল্লাহ ছাড়া কেউ জানে না। তাঁদের মধ্যে চারজন ফেরেশতা প্রসিদ্ধ। তাঁদের নাম ও কাজের বর্ণনা নিচে দেওয়া হলো–

১) হযরত জিবরাইল (আ): তিনি নবি-রাসুলগণের কাছে আল্লাহর ওহি নিয়ে আসতেন।

২) হযরত মিকাইল (আ): তিনি জীবের জীবিকা বন্টন ও মেঘবৃষ্টির দায়িত্বে নিয়োজিত।

৩) হযরত আযরাইল (আ): তিনি আল্লাহর হুকুমে জীবের জান কবজ করেন।

৪) হযরত ইসরাফিল (আ): তিনি শিঙ্গা হাতে আল্লাহর আদেশের অপেক্ষায় আছে। তিনি প্রথম ফুঁ দেবেন, তাতে সকল সৃষ্টি ধ্বংস হয়ে যাবে। দ্বিতীয় ফুঁ দেবেন তখন সবকিছু জীবন ফিরে পাবে।

আমরা আল্লাহর অনুগত বান্দা হিসেবে ফেরেশতাগণের উপর অটুট বিশ্বাস স্থাপন করব।